দৈনিক সংবাদ

তারিখ 0 6 JUN 1987
পৃষ্ঠা 8 কলাম 6

২২ জ্যৈষ্ঠ ১৩৯৪

039

# ভবিষ্যতে বিভিন্ন শিক্ষাস্তরে চ্যান্সেলরের পুরস্কার দেয়া হবে : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান ঘোষণা করেছেন, অদূর ভবিষ্যতে পাস কোর্স, মাস্টার্স ডিগ্রী স্তরে এবং সে সাথে মাদ্রাসা শিক্ষার দাখিল, আলেম, ফাজেল কামেল স্তরে চ্যান্সেলরের পুরস্কার প্রদান করা হবে।

আগামী বছর থেকে জেলা বিভাগ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে সেরা শিক্ষকদের চ্যান্সেলরের সার্টিফিকেট প্রদান করা হবে।

গতকাল শুক্রবার ওসমানী স্মৃতি মিলনায়তনে চ্যান্সেলরের পুরস্কার '৮৭ প্রদান উৎসবে প্রধান অতিথি হিসেবে বক্তৃতাকালে শিক্ষামন্ত্রী এই ঘোষণা দেন।

শিক্ষা মন্ত্রী চারটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এস এস সি এবং এইচ এস সি পরীক্ষায় শীর্ষস্থান অধিকারী প্রায় সাড়ে ৪শ' ছাত্রের মধ্যে চ্যান্সেলরের পুরস্কার বিতরণ করেন।

অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী গোলাম সারোয়ার এবং মন্ত্রণালয়ের উর্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।